গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: "জয়পুরহাট জেলার তুলশীগঙ্গা, ছোট যমুনা, চিড়ি ও হারাবতী নদী পুনঃখনন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৯/১০/২০২০।
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভাকে জানান ১২৩৪৭.৪১ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল ডিসেম্বর ২০২১ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ২.৮০% এবং আর্থিক অগ্রগতি ১.৮৯%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
০১।	নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), জয়পুরহাট পওর বিভাগ, বাপাউবো জানান, প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে পূর্ত কাজের মোট ১২ টি প্যাকেজের মধ্যে ০৮ টি নদী পুনঃখনন, ০২ টি বাঁধ রিসেকসনিং (পুনরাকৃতিকরণ), ০১ টি ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট ও ০১ টি স্থায়ী সাইনবোর্ড নির্মাণ কাজের প্যাকেজ অন্তর্ভূক্ত রয়েছে। তন্মধ্যে নদী পুনঃখননের ০৪ টি ও বাঁধ রিসেকসনিং কাজের ০২ টি সহ মোট ০৬ টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং এর কাজ চলমান রয়েছে। নদী পুনঃখননের অবশিষ্ট ০৪ (চার) টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে, শীঘ্রই এর মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করে উপযুক্ত ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে। ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট এর জন্য নির্ধারিত প্যাকেজটি কাজের সুবিধার্থে উল্লেখিত নদী পুনঃখনন প্যাকেজ সমূহের সাথে একিভূত করে বাস্তবায়ন করা হচ্ছে বিধায় এর জন্য আলাদাভাবে দরপত্র আহবানের কোন প্রয়োজন নেই। তিনি বলেন প্রকল্পের সার্বিক অগ্রগতি প্রায় ৫.০০%, বৈশ্বিক করোনা পরিস্থিতি ও বন্যার কারণে প্রকল্পের আশানুরূপ অগ্রগতি সাধিত হয়নি। তিনি আরও জানান, জয়পুরহাট পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী এ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। বর্তমানে উক্ত পওর বিভাগে নির্বাহী প্রকৌশলীর পদ শূন্য রয়েছে। ফলে বগুড়া পওর বিভাগ থেকে এ প্রকল্পের দায়িত্ব যথাযথভাবে পালন করা দুরুহ হয়ে পড়েছে। জরুরি ভিত্তিতে নির্বাহী প্রকৌশলী পদায়ন করা প্রয়োজন।	(ক) প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে : প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী/প্রকল্প পরিচালক। (খ) জরুরি ভিত্তিতে জয়পুরহাট পওর বিভাগে নির্বাহী প্রকৌশলী পদায়নসহ প্রকল্প পরিচালক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো।
০২।	নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), জয়পুরহাট পওর বিভাগ, বাপাউবো জানান, প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থবছরে এডিপিতে ২০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পটি সুষ্ঠূভাবে বাস্তবায়নের জন্য এ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত আরও ৬০ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন। এছাড়াও কাজের অগ্রগতি ত্বরান্বিত করনের জন্য প্রকল্পটির অগ্রাধিকার ক্রম সংশোধন করে নিম্ন ক্যাটাগরি হতে উচ্চ ক্যাটাগরিতে উন্নীতকর করা প্রয়োজন।	প্রকল্পটির অনুকূলে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পাসম।

৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৬.১৯-৩৯৮

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।

১৪) উপ-সচিব (পরিকল্পনা-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫) উপ-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সংশ্লিষ্ট), পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "জয়পুরহাট জেলার তুলশী গঙ্গা, ছোট যমুনা, চিড়ি ও হারাবতী নদী পুন:খনন" শীর্ষক প্রকল্প, জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, জয়পুরহাট।

১৯) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব